

বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা)

হাউজ নং-১০, লেভেল ২-৩, রোড নং-১৭এ, ব্লক-ই, বনানি, ঢাকা-১২১৩।

ফোন: +৮৮ ০২ ৮৮৩৬৩২৪-২৫, ০২ ২২২২৮১৬৬৩, ০২২২২২৮১৬৬৪

ই-মেইল: info@baffa-bd.org, www.baffa-bd.org

স্মারক নম্বর: বাফা/নির্বাচন বোর্ড/২০২৫-২০২৭/১৪

তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০২৬

নোটিশ/বিজ্ঞপ্তি

গত ২৬ অক্টোবর ২০২৫ তারিখে বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (BAFFA) এর ২০২৬-২০২৮ মেয়াদী দ্বি-বার্ষিক নির্বাচনের লক্ষ্যে ঘোষিত তফসিল অনুযায়ী গত ১৭ জানুয়ারি ২০২৬ তারিখ রোজ শনিবার ভোট গ্রহণ ও নির্বাচনী ফলাফল প্রকাশের দিন নির্ধারিত ছিল। বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক গত ১২ জানুয়ারি ২০২৬ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০১৭.২৫.২৬ নং পত্রের মাধ্যমে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট আয়োজনের সময়কালীন অর্থাৎ ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ পর্যন্ত বাংলাদেশে অবস্থিত যেকোন পেশাজীবী সংগঠন বা অন্য কোন সংগঠনের নির্বাচন আয়োজন না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। তৎপ্রেক্ষিতে, বাফা'র ২০২৬-২০২৮ মেয়াদী দ্বি-বার্ষিক নির্বাচন কার্যক্রম নির্বাচন বোর্ড কর্তৃক স্থগিত করা হয়েছিল।

০২। গত ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট সম্পন্ন হওয়ার পর সে আলোকে নতুন সরকার গঠিত হয়। এমতাবস্থায়, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (BAFFA) এর ২০২৬-২০২৮ মেয়াদী দ্বি-বার্ষিক নির্বাচনের ভোট গ্রহণ ও পরবর্তী কার্যক্রম নিম্নরূপে ঘোষণা করা হলো:

ক্র. নং	কার্যক্রমসমূহ	তারিখ, সময় ও বার
১.	নোটিশ/বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	২৬ ফেব্রুয়ারি ২০২৬ (বৃহস্পতিবার)
২.	ভোট গ্রহণ এবং নির্বাচনী ফলাফল প্রকাশ স্থান: ০১। ঢাকা কেন্দ্র: (কার্নিভাল হল, বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্র, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ০২। চট্টগ্রাম কেন্দ্র: ইছামতি হল, হোটেল আগ্রাবাদ, সাবদার আলী রোড, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম	১১ এপ্রিল ২০২৬, শনিবার ভোট গ্রহণ সকাল ১০.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত বিরতিহীনভাবে চলবে। ভোট গণনা শেষে নির্বাচনী ফলাফল ঘোষণা করা হবে।
৩.	নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে আপীল বোর্ডের কাছে আপত্তি দাখিল;	১২ এপ্রিল ২০২৬ (রবিবার) (সকাল ১০.০০ টা হতে বিকাল ৫.০০ পর্যন্ত)
৪.	নির্বাচনী আপিল বোর্ড কর্তৃক নির্বাচনের বিরুদ্ধে দাখিলকৃত আপিলের উপর শুনানি গ্রহণ (আপিল বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে);	১৩-১৪ এপ্রিল ২০২৬
৫.	নির্বাচন বোর্ড কর্তৃক নির্বাচনী ফলাফল ঘোষণা (যদি আপীল থাকে);	১৫ এপ্রিল ২০২৬ (বুধবার)
৬.	নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে নির্বাচনের ফলাফল বিষয়ে আপীল বোর্ডের কাছে আপত্তি দাখিল;	১৬-১৮ এপ্রিল ২০২৬
৭.	নির্বাচনী আপিল বোর্ড কর্তৃক নির্বাচনী ফলাফলের বিরুদ্ধে দাখিলকৃত আপিলের উপর শুনানি গ্রহণ (আপিল বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ে);	১৯-২১ এপ্রিল ২০২৬
৮.	নির্বাচন বোর্ড কর্তৃক নির্বাচনী চূড়ান্ত ফলাফল ঘোষণা; (যদি সংশোধনের প্রয়োজন হয়)	২২ এপ্রিল ২০২৬


(১০)


বিশেষ দ্রষ্টব্য: প্রয়োজনীয় ক্ষেত্রে এ নোটিশ/বিজ্ঞপ্তির পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের এখতিয়ার নির্বাচন বোর্ড সংরক্ষণ করে।


(ক) নির্বাচন আচরণ বিধি ১ (এক) কপি এই পত্রের সাথে প্রেরণ করা হলো।

(খ) নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ে বাফা'র কার্যালয়ে অফিস চলাকালীন যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(গ) নির্বাচন সংক্রান্ত পরবর্তী যাবতীয় তথ্য/নির্দেশনা/বিজ্ঞপ্তি নির্বাচনী নোটিশ বোর্ড, ওয়েবসাইটে প্রদর্শন করা হবে।


২৬/০২/২০২৬
মোঃ মেহেদী হাসান
সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স
এসোসিয়েশন (বাফা)
ও
সিনিয়র সহকারী সচিব
বাণিজ্য মন্ত্রণালয়


২৬.০২.২০২৬
মোহাম্মদ জাকির হোসেন
সদস্য
নির্বাচন বোর্ড
বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স
এসোসিয়েশন (বাফা)
ও
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়


২৬/০২/২০২৬
মোঃ আব্দুল মালেক
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স
এসোসিয়েশন (বাফা)
ও
উপসচিব
বাণিজ্য মন্ত্রণালয়

বিতরণ জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. চেয়ারম্যান, নির্বাচন আপিল বোর্ড, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা), দ্বি-বার্ষিক নির্বাচন ২০২৬-২০২৮;
০২. মহাপরিচালক (যুগ্মসচিব), বাণিজ্য সংগঠন, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩. প্রশাসক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা) দ্বি-বার্ষিক নির্বাচন ২০২৬-২০২৮;
০৪. অফিস সচিব, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা), হাউজ নং-১০, লেভেল ২-৩, রোড নং-১৭এ, ব্লক-ই, বনানি, ঢাকা [বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা) এর ২০২৬-২০২৮ মেয়াদী দ্বি-বার্ষিক নির্বাচনের সকল বৈধ ভোটারকে ই-মেইলে অবহিতকরণ ও নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ।